[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

গাংনী সীমান্তে ৬ জনকে পুশইনের চেষ্টা রুখে দিলো বিজিবি

মেহেরপুরের গাংনী সীমান্তে নারী পুরুষ সহ ৬ জনকে পুশইন করার চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। (১১ অক্টোবর) শনিবার ভোর ৫ টার দিকে উপজেলার রংমহল সীমান্ত দিয়ে তাদের পুশইনের চেষ্টা করলে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির প্রতিরোধের মুখে তাদের ফেরত নেয় বিএসএফ।

৪৭ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে: কর্নেল রাশেন হাসান রনি বলেন,আন্তজার্তিক সীমান্ত ১২৭ নং পিলার এলাকা দিয়ে ৪ জন নারী ও ২ জন পুরুষকে পুশইন করার চেষ্টা করে দিঘলকান্দি বিএসএফ ক্যাম্পের কমান্ডার হিমমত সিংয়ের নেতৃত্বে বিএসএফ সদস্যরা। রংমহল গার্ড বাংলাদেশ বিজিবি ক্যাম্পের টহল দল বিষয়টি বুঝতে পেরে প্রতিরোধ গড়ে তোলে। প্রতিকরোধের মুখে তাদের ফেরত নেয় বিএসএফ।

তিনি আরো জানান,সীমান্তে বিজিবি কঠোর অবস্থানে রয়েছে। কোন ভাবেই পুশইন গ্রহন যোগ্য হবেনা। এসময় তিনি স্থানয়ি বাসিন্দাদের সতর্ক থাকার আহবান জানান।

গাংনীতে গাছের ডাল মাথায় পড়ে বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে গাছের ডাল কাটার সময় মাথায় ডাল পড়ে জিন্নাত আলী (৬০) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। শনিবার (১০ অক্টোবর) দুপুর ৩টার দিকে গ্রামের পূর্বপাড়ার মাঠে এ

দুর্ঘটনা ঘটে।

নিহত জিন্নাত আলী হাড়াভাঙ্গা গ্রামের পূর্বপাড়ার মৃত মতিয়ার রহমানের ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, জিন্নাত আলী নিজের বাগানে কয়েকজনকে সঙ্গে নিয়ে গাছের ডাল কাটছিলেন। এ সময় অসাবধানতাবশত একটি ডাল তাঁর মাথার ওপর পড়ে। এতে তিনি গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাঁকে উদ্ধার করে বামন্দীর একটি ক্লিনিকে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। খোঁজখবর নিয়ে মৃত্যুর কারণ নিশ্চিত করার চেষ্টা চলছে।

গাংনী সীমান্তে ৪ জনকে পুশ-ইনের চেষ্টা, পিছু হটল বিএসএফ

মেহেরপুরের গাংনী উপজেলার শেওড়াতলা সীমান্ত দিয়ে দুই পুরুষ, এক নারী ও এক শিশুসহ চারজনকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে বিজিবির তৎপরতা ও স্থানীয় লোকজনের সহযোগিতায় সেই চেষ্টা ব্যর্থ হয়। পরে ওই চারজনকে ভারতের অভ্যন্তরে ফিরিয়ে নিয়ে যায় বিএসএফ।

শুক্রবার ভোর ৩টার দিকে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর আওতাধীন মেহেরপুরের গাংনী উপজেলার শেওড়াতলা বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার ১৪৪/৪-এস এর কাছে এ ঘটনা ঘটে।

৪৭ বিজিবির প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানায়, ভারতের ১১ ব্যাটালিয়ন বিএসএফের বিজয় মাঠপাড়া ক্যাম্পের সদস্যরা চারজন অজ্ঞাতনামা ব্যক্তিকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করেন। গোয়েন্দা তথ্য ও সীমান্তে বিজিবির টহল দলের সতর্ক অবস্থানের কারণে বিষয়টি দ্রুত শনাক্ত হয়। পরে স্থানীয় লোকজনের সহযোগিতায় বিজিবি

সদস্যরা ওই চেষ্টা প্রতিহত করেন।

ঘটনার পর দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিএসএফের এ ধরনের কর্মকাণ্ডের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানায় বিজিবি। পাশাপাশি ব্যাটালিয়ন অধিনায়ক পর্যায়ে আনুষ্ঠানিক প্রতিবাদলিপি পাঠানোর কার্যক্রমও প্রক্রিয়াধীন রয়েছে।

বিজিবি জানায়, শুক্রবার সকাল ৬টার দিকে সীমান্তের ১০৪ নম্বর গেট দিয়ে বিএসএফ সদস্যরা ওই চারজনকে ভারতের অভ্যন্তরে ফিরিয়ে নিয়ে যান। বিশেষ সূত্রের তথ্য অনুযায়ী, তাঁরা বর্তমানে বিজয় মাঠপাড়া বিএসএফ ক্যাম্পে অবস্থান করছেন।

এ বিষয়ে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি বলেন, ‘সীমান্তে সার্বভৌমত্ব রক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সীমান্তে নজরদারি জোরদার রাখা হয়েছে।

শেওড়াতলা সীমান্তে পুশ-ইনের চেষ্টার বিষয়টি শনাক্ত হওয়ার পরপরই টহল দল প্রয়োজনীয় পদক্ষেপ নেয়। স্থানীয় লোকজনের সহযোগিতায় বিএসএফের সেই চেষ্টা প্রতিহত করা সম্ভব হয়েছে।’

তিনি আরও বলেন, ‘সীমান্তে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা কোনোভাবেই কাম্য নয়। বিষয়টি পতাকা বৈঠকে উত্থাপন করে প্রতিবাদ জানানো হয়েছে। পাশাপাশি আনুষ্ঠানিক প্রতিবাদলিপি পাঠানোর প্রক্রিয়া চলছে।

গাংনীতে মেছো বিড়ালের ৩ শাবক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের মাঝেরগ্রামের একটি কবরস্থানের পাশ থেকে তিনটি মেছো বিড়ালের শাবক উদ্ধার করেছেন

স্থানীয় কয়েকজন যুবক।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে কবরস্থানের পাশে কয়েকজন কৃষক শাবকগুলোকে ঘোরাফেরা ও খেলাধুলা করতে দেখেন। পরে বিষয়টি জানাজানি হলে স্থানীয় কয়েকজন যুবক সেখানে গিয়ে শাবক তিনটি উদ্ধার করেন।

স্থানীয়দের ধারণা, আশপাশের কোনো ঝোপঝাড় কিংবা গর্ত থেকে বের হয়ে শাবকগুলো কবরস্থানের পাশে চলে এসেছে। এ সময় শাবকগুলোর মা-ও কাছাকাছি কোথাও থাকতে পারে বলে তারা ধারণা করছেন।

বন্যপ্রাণী বিশেষজ্ঞদের পরামর্শ ছাড়া শাবকগুলোকে অন্যত্র সরিয়ে নেওয়া বা লোকালয়ে ছেড়ে দেওয়া ঝুঁকিপূর্ণ হতে পারে বলে মনে করছেন স্থানীয় বাসিন্দারা। বিষয়টি ইতোমধ্যেই বন বিভাগকে জানানো হয়েছে। কর্মকর্তাদের একটি প্রতিনিধিদল ঘটনাস্থলে পৌঁছালে তাদের পরামর্শ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে শাবক উদ্ধারের বিষয়ে বক্তব্য জানতে মেহেরপুর বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা এস টি হামিম হায়দারকে একাধিকবার কল করা হলেও তিনি ফোন ধরেননি।

একটি ব্রীজের অপেক্ষা দুই উপজেলাবাসীর

স্বাধীনতার ৫৫ বছর পেরিয়ে গেলেও মেহেরপুর সদর ও গাংনী উপজেলার মানুষের যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ পথে নির্মাণ হয়নি স্থায়ী সেতু।

ভৈরব নদীর ওপর বাঁশের সাঁকোই এখনো দুই উপজেলার মানুষের একমাত্র ভরসা। ঝুঁকি নিয়ে পারাপার করতে হচ্ছে কৃষক, শিক্ষার্থীসহ সাধারণ মানুষকে। দ্রুত সেতু নির্মাণের দাবি এলাকাবাসীর।

প্রতিবছর সাঁকোটি ভেঙে গেলে স্থানীয়দের উদ্যোগে বাঁশ দিয়ে আবারও সংস্কার করতে হয়। এতে একদিকে যেমন বাড়তি খরচ হচ্ছে,

অন্যদিকে ঝুঁকি নিয়ে নদী পারাপার করতে হচ্ছে কৃষক, শিক্ষার্থীসহ সাধারণ মানুষকে।

বর্ষা মৌসুমে সাঁকোটি পানিতে ডুবে গেলে দুর্ভোগ আরও বেড়ে যায়। কৃষকদের ফসল পরিবহন ও শিক্ষার্থীদের বিদ্যালয়ে যাতায়াতেও তৈরি হয় চরম ভোগান্তি। দীর্ঘদিন ধরে ব্রিজ নির্মাণের দাবি জানিয়ে আসছেন তারা।

এলাকাবাসীর দাবি, স্বাধীনতার এত বছর পরও বাঁশের সাঁকোর ওপর নির্ভরশীলতা থেকে মুক্তি দিতে দ্রুত ব্রিজ নির্মাণ করা হোক।

কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুর রহমান বলেন, “ব্রিজ না থাকার কারণে শিক্ষার্থীদের বিদ্যালয়ে পৌঁছাতে দেরি হয়। ঝুঁকি নিয়ে তাদের পারাপার করতে হয়। নিরাপদ যাতায়াতের জন্য এখানে দ্রুত একটি স্থায়ী ব্রিজ নির্মাণ করা প্রয়োজন।”

মেহেরপুর জেলা প্রকৌশলী, এলজিইডির মো. আরিফউদ্দৌলা জানান, গাড়াবাড়িয়া-হিতিমপাড়া ব্রিজ নির্মাণের বিষয়ে প্রস্তাবনা দেওয়া হয়েছে। অনুমোদন হলে টেন্ডার প্রক্রিয়া শেষে কাজ শুরু হবে।

মেহেরপুরে দিনদিন বাড়ছে অ্যানথ্যাক্স আক্রান্তের সংখ্য

মেহেরপুরে দিনদিন বাড়ছে অ্যানথ্যাক্স আক্রান্ত মানুষের সংখ্যা। প্রথমে গবাদি পশু আক্রান্ত হচ্ছে, সেই আক্রান্ত পশুর মাংস খেয়ে কিংবা কাটাকাটির সময় সংস্পর্শে অ্যানথ্রাক্সে আক্রান্ত হচ্ছেন মানুষ নারী-পুরুষ ও শিশূরা।

মেহেরপুরে এখন যেন আতঙ্কের আরেক নাম অ্যানথ্রাক্স। বছরের পর বছর রোগটির প্রাদুর্ভাব থাকলেও নেই নিয়মিত ভ্যাকসিনেশন ও পর্যাপ্ত জনসচেতনতা কার্যক্রম। ফলে প্রতি বছর বাড়ছে আক্রান্তের সংখ্যা। শরীরে দগ দগে ক্ষত নিয়ে অনেকেই ভুগছেন দীর্ঘদিন।

২০০৭ সালে মেহেরপুর জেলায় প্রথম সনাত্ব হয় অ্যানথ্রাক্স রোগী।

ভ্যাকসিন দেয়া হয়েছে।

ডাক্তার মো: আরিফুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাংনী। মেহেরপুর সিভিল সার্জন আবু সাঈদ জানিয়েছেন, অ্যানথ্রাক্সের ভয়াবহতা, সংক্রমণের ঝুঁকি এবং প্রতিরোধে করণী বিষয়ে জনগনকে সচেতন করতে উদ্যোগ নিয়েছে জেলা স্বাস্থ্য বিভাগ । তবে, মাংস ক্রয় বিক্রয়ের সময় অবশ্যই মানুষকে সচেতন হতে হবে একই সাথে মাংস কাটাকাটির সময় হাতে গ্লাভস ব্যবহার জরুরী।

গাংনী সীমান্তে ৩ লাখ ৯৫ হাজার টাকার ভারতীয় মালামাল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর সীমান্তে অভিযান চালিয়ে ৩ লাখ ৯৫ হাজার টাকা মূল্যের ভারতীয় মালামাল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শনিবার (৩ অক্টোবর) ভোরে কাজীপুর সীমান্তের মন্ডলপাড়ার মাঠ এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল উদ্ধার করা হয়।

৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন।

বিজিবি সূত্রে জানা গেছে, অভিযানে মালিকবিহীন ১ হাজার ২৯০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৩২০ পিস চকলেট বাজি উদ্ধার করা হয়। উদ্ধার করা মালামালের আনুমানিক সিজার মূল্য ৩ লাখ ৯৫ হাজার টাকা।

উদ্ধার করা মালামাল গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় থানায় একটি মামলা করা হয়েছে।

গাংনীতে ৩০ পিস ইয়াবাসহ যুবক আটক, ৬ মাসের কারাদণ্ড

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারী গ্রামে অভিযান চালিয়ে ৩০ পিস ইয়াবাসহ রুমন হোসেন (৩০) নামে এক যুবককে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৩০০ টাকা জরিমানা করা হয়েছে।

দণ্ডপ্রাপ্ত রুমন হোসেন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মিনারুল ইসলামের ছেলে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাসেল আহাম্মেদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে মাইলমারী গ্রামে অভিযান চালানো হয়। এ সময় রুমন হোসেনের কাছ থেকে ৩০ পিস অবৈধ ইয়াবা উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটকের পর রুমন হোসেন নিজের অপরাধ স্বীকার করেন। পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে তাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৩০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়।